

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৫ (কারিগরি-১)
www.moedu.gov.bd

শাঃ১৫/এমপিও/১৬-১/২০০৯/৩৩৮

তারিখঃ ৩০ শ্রাবণ, ১৪১৮ বঙ্গাব্দ
১৪ আগস্ট, ২০১১ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সংক্রান্ত।

শিক্ষা মন্ত্রণালয় হ'তে ইতোপূর্বে জারিকৃত স্মারক নং-শিম/শাঃ১১/৭-১/২০০৯/৩৮৪, ০৪ জ্যৈষ্ঠ ১৪১৭/১৮মে ২০১০ তারিখের পরিপত্রে উল্লেখ করা হয়েছে, "শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী নিয়ে বেসরকারি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় বা বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক হিসেবে নিয়োগপ্রাপ্ত ইনডেক্সধারী ব্যক্তিগণ নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে, যে কোন বেসরকারি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক বা সহকারী শিক্ষক এবং বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক, সহকারি প্রধান শিক্ষক বা সহকারি শিক্ষক পদে নিয়োগ লাভের যোগ্য হবেন এবং বেতন-ভাতা বাবদ সরকারি সহায়তার (এমপিও) ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০৩/০৮/২০০৯ তারিখের নং-শিম/শাঃ১১/৭-১/২০০৯/৮৮৪ পরিপত্র বহাল থাকবে"। কিন্তু উক্ত পরিপত্রে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়নি।

এ প্রেক্ষাপটে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, উল্লিখিত নির্দেশাবলি বেসরকারি মাধ্যমিক (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) বিদ্যালয়/মাদ্রাসা/ইনস্টিটিউটে কর্মরত ইনডেক্সধারী শিক্ষকদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

১৪/০৮/২০১১

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)

সচিব


শিক্ষা মন্ত্রণালয়

শাঃ১৫/এমপিও/১৬-১/২০০৯/৩৩৮

তারিখঃ ৩০ শ্রাবণ, ১৪১৮ বঙ্গাব্দ
১৪ আগস্ট, ২০১১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কমিশনার.....(সকল বিভাগ)।
- ৩। যুগ্ম-সচিব (মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদ্রাসা)/যুগ্ম-প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রকল্প পরিচালক, এসইএসডিপি/টিকিউআই/সেকায়েপ।
- ৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/চট্টগ্রাম/দিনাজপুর/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। জেলা প্রশাসক,.....(সকল)।
- ৯। উপ সচিব (মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,.....(সকল অঞ্চল)।
- ১২। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে পরিপত্রটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।
- ১৩। জেলা শিক্ষা অফিসার,.....(সকল)।
- ১৪। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল)।
- ১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,.....(সকল)।



(আফসারী খানম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫ ৬৯ ৭২৬